জাতীয় সম্পদ গ্যাসের অপচয় রোধ করে জাতীয় দায়িত্ব পালন করুন।

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

# বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
# Bangladesh Oil, Gas & Mineral Corporation (Petrobangla)

নং-২৮.০০০০.০৩৭.০১.০৭৪.১৯- ১৬৮

তারিখ: ৩০-০৫-২০১৯

বিষয় : Electronic Volume Corrector (EVC) মিটার স্থাপনের সংশোধিত গাইডলাইন প্রজ্ঞাপনের গেজেট কপি প্রেরণ।

সূত্র : **জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের পত্র নং-জ্বাখসবি/উন্নঃ-২/গ্যাস-২/২০১২-২৪১; তারিখ: ২৭-০৫-২০১৯।**

উপর্যুক্ত বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের-এর সূত্রোক্ত পত্রের ছায়ালিপি (সংযুক্তিসহ) এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত পত্রে সংযুক্ত প্রাকৃতিক গ্যাস ব্যবহারকারী বিভিন্ন শ্রেণীর গ্রাহকের জন্য Electronic Volume Corrector (EVC) মিটার স্থাপনের সংশোধিত গাইডলাইন প্রজ্ঞাপনের কপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

৩০/৫/২০১৯

(প্রকৌ. এস এম হাবিবুর রহমান)
মহাব্যবস্থাপক
ইঞ্জিনিয়ারিং ডিভিশন

সংযুক্তি : বর্ণনামত ( পাতা)।

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ

১। ব্যবস্থাপনা পরিচালক, টিজিটিডিসিএল, ১০৫ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কাওরান বাজার, ঢাকা।
২। ব্যবস্থাপনা পরিচালক, বিজিডিসিএল, লিয়াজোঁ অফিস, ২২২ নিউ ডিওএইচএস, লেন-১৫, মহাখালী, ঢাকা।
৩। ব্যবস্থাপনা পরিচালক, জেজিটিডিএসএল, লিয়াজোঁ অফিস, পেট্রোসেন্টার, ১৪তম তলা, ৩ কাওরান বাজার, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, পিজিসিএল, লিয়াজোঁ অফিস, পেট্রোসেন্টার, ১৪তম তলা, ৩ কাওরান বাজার, ঢাকা।
৫। ব্যবস্থাপনা পরিচালক, কেজিডিসিএল, পেট্রোসেন্টার, ১৪তম তলা, ৩ কাওরান বাজার, ঢাকা।
৬। ব্যবস্থাপনা পরিচালক, জিটিসিএল, প্রধান কার্যালয়, প্লট নং-এফ-১৮/এ, শেরে-বাংলা নগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা।
৭। ব্যবস্থাপনা পরিচালক, এসজিসিএল, পেট্রোসেন্টার, ১৪তম তলা, ৩ কাওরান বাজার, ঢাকা।

অনুলিপি (সংযুক্তিসহ/সংযুক্তি ব্যতীত) ঃ

- সচিব, পেট্রোবাংলা, ঢাকা।
- উপব্যবস্থাপক (সমন্বয়), চেয়ারম্যান শাখা, পেট্রোবাংলা।
- সহ:ব্যবস্থাপক (সমন্বয়)/পিএ টু পরিচালক (প্রশাসন/অর্থ/ পরিকল্পনা/অপারেশন এন্ড মাইন্স/ পিএসসি)-এর দপ্তর, পেট্রোবাংলা।
- অফিস কপি।

| জালালাবাদ গ্যাস, ঢাকা লিয়াজোঁ অফিস | | | |
|---|---|---|---|
| জিএম (অর্থ/রাজস্ব) | | জিএম (প্রশাসন) | |
| জিএম (অপারেশন) | | পিডি (শ্রীহট্ট প্রকল্প) | |
| জিএম (কন্সট্রাকশন) | | ডিজিএম (অডিট) | |
| জিএম (পরিকল্পনা) | | ডিজিএম (ভিজিল্যান্স) | |
| জিএম (বিপণন-উত্তর) | ✓ | ডিজিএম (ইএন্ডএস) | |
| জিএম (বিপণন-দক্ষিণ) | ✓ | ব্যবস্থাপক (ডিএলও) | |
| কোম্পানী সচিব | | এএম (এম.ডি দপ্তর) | |
| গ্রহণ নং- ৫৭৭ | | তারিখঃ ৩০/৫/২০১৯ | |

১১৬৩

H:\tania backup\tania\Letter comon small pad - Copy.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ
উন্নয়ন-২ অধিশাখা
www.emrd.gov.bd

নং-জ্বাখসবি/উন্নঃ-২/গ্যাস-২/২০১২-২৪৯

তারিখ ঃ ১৩ জ্যৈষ্ঠ ১৪২৬
২৭ মে ২০১৯

বিষয়: Electronic Volume Corrector (EVC) মিটার স্থাপনের সংশোধিত গাইডলাইন প্রজ্ঞাপনের গেজেট কপি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে প্রাকৃতিক গ্যাস ব্যবহারকারী বিভিন্ন শ্রেণীর গ্রাহকের জন্য Electronic Volume Corrector (EVC) মিটার স্থাপনের সংশোধিত গাইডলাইন প্রজ্ঞাপনের ৩০ (ত্রিশ) কপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হ'ল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৭.০৫.২০১৯
(ড. মুহা. মনিরুজ্জামান)
উপ-সচিব
ফোনঃ ৯৫৭৬৫৭১

চেয়ারম্যান
পেট্রোবাংলা
কাওরান বাজার
ঢাকা।

চেয়ারম্যান এর দপ্তরঃ ২০০৮ তারিখঃ ২৮/৫
নম্বরঃ

| | |
|---|---|
| পরিচালক (প্রশাসন) | প্রশাসন পরিচালক |
| ... (অর্থ) | সচিব |
| পরিচালক (পিএসসি) | জিজিএম (ভিজিল্যান্স) |
| পরিচালক (অপাঃ এন্ড মাইন্স) | উপ-মহাব্যবস্থাপক (সমন্বয়) |
| পরিচালক (পরিকল্পনা) | চেয়ারম্যান |

অপারেশন এন্ড মাইন্স পরিদপ্তর

| | |
|---|---|
| উর্ধ্বতন মহাব্যবস্থাপক (এলএনজি) সেল | |
| মহাব্যবস্থাপক (এম ই এন্ড আই) | |
| মহাব্যবস্থাপক (ই এস ডি) | |
| মহাব্যবস্থাপক (মাইন অপারেশন) | |
| মহাব্যবস্থাপক (ইঞ্জিনিয়ারিং) | ✓ |
| মহাব্যবস্থাপক (আর ডি এম) | |
| মহাব্যবস্থাপক (পি এন্ড এম) | |
| সঃ ব্যঃ (সমঃ) পরিঃ (অপাঃ এন্ড মাইন্স) | |
| নং- | তাং- |

৯৭২ ২৮/৫/১৯

ইঞ্জিনিয়ারিং বিভাগ
পেট্রোবাংলা
প্রাপ্ত হইল: তাং ৩০/৫ নং ৫৮৯
স্বাক্ষর ... সময় ...

Pl. circulate
DGM

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জানুয়ারি ২৮, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
উন্নয়ন-৪ অধিশাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৫ জানুয়ারি, ২০১৯

নং জ্বাখসবি/উঃ-২/গ্যাস-২/২০১২-২৬—গত ২৪ জুলাই, ২০১৪ তারিখে জ্বাখসবি/উঃ-২/গ্যাস-২/২০১২-৫৯১ নং প্রজ্ঞাপনমূলে বাংলাদেশ গেজেটে প্রকাশিত "প্রাকৃতিক গ্যাস ব্যবহারকারী বিভিন্ন শ্রেনির গ্রাহকের জন্য Electronic Volume Corrector (EVC) মিটার স্থাপনের গাইডলাইন প্রজ্ঞাপন" এর ১.২ নং অনুচ্ছেদে "EVC মিটার স্থাপনের জন্য গ্রাহক নির্বাচন" সংক্রান্ত অনুচ্ছেদটি নিম্নরূপভাবে প্রতিস্থাপন/পরিবর্তন করা হ'ল :

--- "১.২ EVC মিটার স্থাপনের জন্য গ্রাহক নির্বাচন :

(১) নিম্নবর্ণিত সকল শর্তাদি পূরণ/প্রতিপালনকারী গ্রাহকদের ক্ষেত্রে ইভিসি মিটার স্থাপন করা হবে :

(ক) নিয়মিত গ্যাস বিল পরিশোধকারী গ্রাহক ;

(খ) ন্যূনতম ৫ পিএসআইজি অনুমোদিত চাপে এবং ৫০০০ ঘনফুট/ঘন্টা বা ততোধিক অনুমোদিত লোডে গ্যাস ব্যবহারকারী শিল্প, ক্যাপটিভ বিদ্যুৎ গ্রাহক ও সিএনজি গ্রাহক।

(২) এছাড়াও সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী নির্দেশিত গ্রাহকদের ইভিসি মিটার প্রদান করা হবে।"—

ড. মুহা.মনিরুজ্জামান
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



মূল্য : টাকা ৪.০০

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুলাই ২৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়**
**জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ**

**উন্নয়ন-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৬ জুলাই, ২০১৪

**জ্বাখসবি/উঃ-২/গ্যাস-২/২০১২-৫৯১।**—প্রাকৃতিক গ্যাস ব্যবহারকারী বিভিন্ন শ্রেণীর গ্রাহকের জন্য Electronic Volume Corrector (EVC) মিটার স্থাপনের গাইডলাইন প্রজ্ঞাপনটি এতদ্‌সঙ্গে প্রকাশ করা হ'ল।

ড. সৈয়দ মাসুম আহমেদ চৌধুরী
উপ-সচিব।


মূল্যঃ টাকা ৮.০০

## প্রাকৃতিক গ্যাস ব্যবহারকারী বিভিন্ন শ্রেণীর গ্রাহকের জন্য Electronic Volume Corrector (EVC) মিটার স্থাপনের গাইডলাইন

প্রাকৃতিক গ্যাস ব্যবহারকারী বিভিন্ন শ্রেণীর গ্রাহকের জন্য বর্তমানে বিভিন্ন প্রকার মিটারিং ব্যবস্থা বিদ্যমান রয়েছে। গ্রাহকদের মিটারে প্রদত্ত গ্যাসের চাপ ও তাপমাত্রার তারতম্য হওয়ার কারণে প্রকৃত গ্যাস ব্যবহারের সঠিক পরিমাণ নির্ণয় করা সম্ভব হয় না। গ্রাহকের আঙ্গিনায় স্থাপিত সাধারণ মিটারের পরিবর্তে Electronic Volume Corrector বা EVC যুক্ত মিটার দ্বারা মিটারে প্রবাহিত গ্যাসের তাৎক্ষণিক তাপ ও চাপমাত্রা এবং Super Compressibility Factor বিবেচনাক্রমে গ্যাস প্রবাহের সঠিক পরিমাণ অর্থাৎ Volume at Real Time Temperature & Pressure পাওয়া যায়। EVC যুক্ত মিটারের মাধ্যমে প্রবাহিত গ্যাসের তাপ ও চাপ সংক্রান্ত তথ্যাদি সার্বক্ষণিকভাবে রেকর্ড করা সম্ভব হয়। এতদপ্রেক্ষিতে গ্যাসের সঠিক সিস্টেম লস পরিমাপণ, গ্যাস ব্যবহারে সচেতনতা ও আস্থা বৃদ্ধির লক্ষ্যে গ্রাহকদের গ্যাস সরবরাহের ক্ষেত্রে EVC যুক্ত মিটার স্থাপনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

EVC যুক্ত মিটার স্থাপনের জন্য নিম্নবর্ণিত গাইডলাইন অনুসরণ করা হবেঃ

**১.০ ব্যবস্থাপনা বিষয়াদিঃ**

**১.১ EVC মিটার স্থাপনের লক্ষ্য ও উদ্দেশ্যঃ**

- EVC যুক্ত মিটার ব্যবহারের মাধ্যমে গ্যাসের সঠিক পরিমাপ নিরূপণকরণ;
- মিটার-এ সংরক্ষিত ডাটা বিশ্লেষণ করে গ্রাহকের গ্যাস ব্যবহার মনিটরিং/পর্যালোচনাকরণ;
- এ মিটার ব্যবহারের মাধ্যমে গ্যাস কারচুপি প্রতিরোধে সহায়তাকরণ;
- সঠিকভাবে কোম্পানীর সিস্টেম লস নিরূপণকরণ;
- গ্রাহকদের গ্যাস বিলের উপর আস্থা স্থাপন এবং বিল পরিশোধে গ্রাহকদের আগ্রহ বৃদ্ধিকরণ।

**১.২ EVC মিটার স্থাপনের জন্য গ্রাহক নির্বাচনঃ**

নিম্ন বর্ণিত গ্রাহকদের ক্ষেত্রে পর্যায়ক্রমে EVC যুক্ত মিটার স্থাপন করা হবেঃ

- সরকার কর্তৃক গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী নির্দেশিত গ্রাহকদের (যেমনঃ CNG Station সমূহে);
- গ্যাস সংযোগের উৎস লাইনে স্বল্পচাপজনিত সমস্যাগ্রস্ত গ্রাহকদের ক্ষেত্রে;

- যে সকল গ্রাহকদের Load Variation বেশী এবং Diversity Factor বেশী সে সকল গ্রাহকদের ক্ষেত্রে;

- Energy Efficient স্থাপনাযুক্ত গ্রাহক, গ্যাস বিক্রয় চুক্তি শর্ত অনুযায়ী নিয়মিত বিল প্রদানকারী গ্রাহকদের ক্ষেত্রে;

- বৃহৎ বিদ্যুৎ এবং সার শ্রেণী ব্যতীত ন্যূনতম ০৮(আট) psig অনুমোদিত চাপে গ্যাস ব্যবহার এবং ৫০০০ ঘনফুট/ঘন্টা বা ততোধিক অনুমোদিত লোড ব্যবহার করে এরূপ শিল্প, Small Independent Power Plant (10MW & below), Captive Power Plant etc. গ্রাহকদের ক্ষেত্রে। সকল প্রকার Captive Power Plant এর ক্ষেত্রে EVC যুক্ত মিটার ব্যবহার করা বাঞ্ছনীয়।

**১.৩ EVC মিটার স্থাপন সংক্রান্তঃ**

- EVC যুক্ত মিটারসমূহ রোদ, বৃষ্টি ও ঝড়ে যাতে ক্ষতিগ্রস্ত না হয় বিপণন নিয়মাবলীতে বর্ণিত এরূপ স্থানে স্থাপন করতে হবে। এক্ষেত্রে রোদ, বৃষ্টি, ঝড়, বৈরী আবহাওয়া ইত্যাদি থেকে রক্ষা ও প্রয়োজনীয় নিরাপত্তা বিধানের জন্য উপরে শেড ও চারদিকে ফেন্সিং স্থাপনসহ নিরাপদ স্থানে স্থাপন করতে হবে;

- সর্বোচ্চ জি-৬৫০ এবং ৬ ইঞ্চি ব্যাসের ক্ষমতাসম্পন্ন মিটার এবং বৃহৎ শিল্প গ্রাহকদের RMS/CMS এ LF Sensor যুক্ত EVC ব্যবহার করা যেতে পারে। পূর্বে বর্ণিত ক্ষমতার অধিক লোড এর ক্ষেত্রে EVM/Flow Computer ব্যবহার করা যেতে পারে;

- EVC যুক্ত মিটার স্থাপনের পূর্বে আদর্শ চাপ, তাপমাত্রা এবং প্রযোজ্য ক্ষেত্রে গ্যাসের উপাদানের শতকরা হার ইত্যাদি Parmeter সমূহ Preset/Configure করতে হবে;

- EVC যুক্ত মিটার স্থাপনকালে Mechanical Meter Reading এবং EVC এর Uncorrected রিডিং একই থাকতে হবে।

**১.৪ EVC যুক্ত মিটারের মূল্য পরিশোধ সংক্রান্তঃ**

বিপণন নিয়মাবলী অনুযায়ী কোম্পানী কর্তৃক ধার্যকৃত মিটারের মূল্য গ্রাহক পরিশোধ করবে। গ্রাহকের আঙ্গিনায় স্থাপিত RMS ভাড়ার সাথে EVC -এর ভাড়া নিয়মানুযায়ী নির্ধারণপূর্বক প্রতি মাসের বিলের সাথে গ্রাহকের নিকট থেকে আদায়যোগ্য হবে।

**১.৫ স্থাপিত EVC যুক্ত মিটার প্রতিস্থাপন/পরিবর্তনঃ**

স্থাপিত EVC মিটার প্রতিস্থাপন/পরিবর্তনের প্রয়োজন হলে বিপণন কোম্পানী বিপণন নিয়মাবলীর আলোকে ব্যবস্থা গ্রহণ করবে।

**১.৬ EVC মিটার স্থাপনে জনবল প্রশিক্ষণ সংক্রান্তঃ**

EVC পরিচালনা, Calibration Trouble Shooting এবং Maintenance সহ software ভিত্তিক পরিচালনা কার্যক্রম যথাযথভাবে সম্পন্নের লক্ষ্যে জনবলকে স্থানীয় ও বৈদেশিক প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

**২.০ কারিগরী বিষয়াদিঃ**

**২.১ EVC মিটার সংগ্রহ সংক্রান্তঃ**

- অনুমোদিত/নির্ধারিত অভিন্ন Specification অনুযায়ী গ্যাস বিপণন কোম্পানী কর্তৃক EVC মিটার সরবরাহ করতে হবে।
- মানসম্মত EVC মিটার সংগ্রহের লক্ষ্যে Stringent Specification সমৃদ্ধ যেমন EVC with type approval test certificate) EVC মিটার ক্রয় করা যেতে পারে।
- শিল্প গ্রাহক/সিএনজি গ্রাহকদের ক্ষেত্রে ২ ইঞ্চি থেকে ৩ ইঞ্চি EVC যুক্ত মিটার এর ক্ষেত্রে দু'টি 1 R 1 Reed Contact/Sensor যুক্ত মিটার ব্যবহার করা যেতে পারে।
- ৪ ইঞ্চি বা অধিক সাইজের EVC মিটার (৪ ইঞ্চি থেকে ৬ ইঞ্চি সাইজের EVC) ব্যবহারকারী শিল্প/সিএনজি গ্রাহকদের ক্ষেত্রে একটি 1 R 10 Reed Sensor/ Wieguard/ Cyble Sensor/Absolute Sensor যুক্ত মিটার ব্যবহার করা যেতে পারে।

**২.২ স্থাপিত EVC মিটার পরিচালন/রক্ষণাবেক্ষণঃ**

- স্থাপিত EVC মিটার ও আনুষঙ্গিক যন্ত্রাংশ-এর নিরাপত্তা গ্রাহক নিজে নিশ্চিত করবে।
- যে সকল RMS- এ EVC স্থাপন করা হবে সে সকল ক্ষেত্রে গ্যাস বিপণন কোম্পানীর সংশ্লিষ্ট বিভাগ অন্ততঃ প্রতি তিন মাসে একবার Logging কৃত উপাত্ত Download করতঃ কম্পিউটারের মাধ্যমে গ্রাহকের গ্যাস ব্যবহার পর্যবেক্ষণ করবে। অসঙ্গতি প্রাপ্তির ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক গ্রাহক-প্রতিষ্ঠান পরিদর্শনপূর্বক অসঙ্গতির কারণ উদ্ঘাটন করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
- EVC মিটারের Software-এ মৌলিক (আদর্শ) Parameter সমূহ (যেমনঃ গ্যাসের চাপ, তাপমাত্রা ইত্যাদি M.K.S unit অনুযায়ী) সঠিকভাবে ব্যবহার করতে হবে;

- মিটারের Index (Mechanical Reading) যা Uncorrected Reading হিসাবে পরিচিত। এ Uncorrected Reading এবং EVC-তে রেকর্ডকৃত Uncorrected Reading-এর মধ্যে পার্থক্য পরিলক্ষিত হলে গ্রাহকের অনুমোদিত চাপের আলোকে* প্রকৃত পার্থক্য জনিত গ্যাস ভলিউম যোগ/বিয়োগের মাধ্যমে সমন্বয় করতে হবে।

- **মিটার রিডিং গ্রহণের সময় মিটার কার্ডে অবশ্যই মিটার Index (Mechanical Reading), EVC-এর Uncorrected Reading এবং corrected Reading লিপিবদ্ধ করতে হবে। পূর্ববর্তী মাসের মিটার Index (Mechanical Reading) এবং EVC-এর Uncorrected Reading এ বিবেচনা করে পরবর্তী মাসের প্রকৃত পার্থক্য জনিত গ্যাস ভলিউম নির্ণয় করতে হবে। স্থাপিত EVC মিটার ও আনুষঙ্গিক যন্ত্রাংশ এর রক্ষণাবেক্ষণ কাজে প্রয়োজনীয় কারিগরী সহায়তা বিপণন কোম্পানী প্রদান করবে।*

- EVC মিটারে ব্যাটারী Low Signal প্রদর্শন হওয়ার সাথে সাথেই ব্যাটারী পরিবর্তনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**২.৩ EVC মিটারের গুণগত মান প্রত্যয়ন সংক্রান্তঃ**

- স্থাপিত EVC মিটার ও আনুষঙ্গিক যন্ত্রাংশের গুণগত মান সংশ্লিষ্ট বিপণন কোম্পানী নিশ্চিত করবে;

- স্থাপিত EVC মিটারের কার্যকারিতা সম্পর্কে গ্রাহক কর্তৃক কোন অভিযোগ উত্থাপিত হলে বিপণন কোম্পানী তা পরীক্ষা-নিরীক্ষাপূর্বক যে মতামত/সিদ্ধান্ত প্রদান করবে তাই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

**২.৪ স্থাপিত EVC মিটার পরিদর্শন/ক্যালিব্রেশনঃ**

- কোম্পানী কর্তৃক সময়ে সময়ে প্রবর্তিত কার্যক্রম অথবা গ্যাস বিপণন নিয়মাবলীর আলোকে স্থাপিত EVC মিটার পরিদর্শন/ডাটা ডাউনলোড করা যাবে। এ কাজে গ্রাহক সকল প্রকার সহযোগিতা প্রদান করবে;

- স্থাপিত EVC মিটারের কার্যকারিতা পরীক্ষার জন্য গ্রাহক আবেদন করলে/কোম্পানী প্রয়োজন মনে করলে বিপণন নিয়মাবলীর আলোকে সংশ্লিষ্ট গ্যাস বিপণন কোম্পানী যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে;

- বছরে অন্ততঃ একবার EVC এর Pressure, Temperature, Transducer, Connectivity ইত্যাদি স্ব-স্ব বিভাগ কর্তৃক পরীক্ষা/নিরীক্ষা এবং প্রাপ্ত অবস্থার আলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণসহ প্রযোজ্য ক্ষেত্রে EVC Configure ও Calibration করতে হবে।

২.৫ স্থাপিত EVC মিটারের পরিবীক্ষণঃ

- প্রতি তিন মাসে ন্যূনতম ০১ (এক) বার EVC মিটারে সংরক্ষিত উপাত্ত Download এবং বিশ্লেষণ করে গ্রাহকের ঘন্টাপ্রতি, দৈনিক, মাসিক গ্যাস ব্যবহার মনিটরিং করতঃ অসংগতি প্রাপ্তির ক্ষেত্রে বিপণন নিয়মাবলী অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

৩.০ EVC মিটার ভিত্তিক বিল প্রণয়নঃ

৩.১ গ্যাস বিপণন নিয়মাবলী অনুসরণ করে নির্ধারিত তারিখের মধ্যে EVC যুক্ত গ্রাহকদের Mechanical Meter Reading এবং EVC-এর Uncorrected ও Corrected Reading সংগ্রহ করতে হবে। বর্তমান EVC-এর সংশোধিত মিটার রিডিং থেকে পূর্ববর্তী সংশোধিত মিটার রিডিং বাদ দেয়ার পর গ্যাস ব্যবহার সংশ্লিষ্ট সময়ের ন্যূনতম লোড (Minimum Load) –এর তুলনায় বেশী হলে EVC ভিত্তিক সংশোধিত মিটার রিডিং-এর পার্থক্যকে গ্যাসের Tarrif Rate দ্বারা গুণ করে গ্যাস বিল প্রণয়ন করা হবে। কিন্তু গ্যাস ব্যবহার সংশ্লিষ্ট সময়ে ন্যূনতম লোড (Minimum Load) –এর কম হলে উক্ত সময়ের ন্যূনতম লোডকে Tarrif Rate দ্বারা গুণ করে গ্যাস বিল (ন্যূনতম) প্রণয়ন করা হবে।

৩.২ EVC হতে প্রাপ্ত সংশোধিত গ্যাস ব্যবহারের ভিত্তিতে বিল প্রণয়নের সিদ্ধান্ত নেয়া হলে এবং গ্রাহক কোনভাবে গ্যাস কারচুপির সাথে সম্পৃক্ত না হওয়া সত্ত্বেও নির্দিষ্ট সময়ে EVC-এর অসংশোধিত রিডিং-এর ব্যবধানের সাথে মিটার উনডেক্স রিডিং-এর মধ্যে পার্থক্যের ক্ষেত্রে উক্ত সময়ে EVC ভিত্তিক সংশোধিত ব্যবহারকে EVCএর অসংশোধিত ব্যবহার দ্বারা ভাগ করে গড় Correction Factor নিরূপই করা এবং রিডিং ব্যবধানের পার্থক্যকে উক্ত Correction Factor দ্বারা গুণ করে তা EVC হতে প্রাপ্ত সংশোধিত ব্যবহারের সাথে প্রযোজ্যতা অনুযায়ী ধনাত্মক বা ঋণাত্মক সমন্বয়পূর্বক প্রকৃত সংশোধিত ব্যবহার নিরূপই এবং তদানুযায়ী চুক্তির শর্ত মোতাবেক বিল প্রণীত হবে।

৩.৩ . নতুন গ্যাস সংযোগ/পুনঃসংযোগকালে কিংবা পুরাতন সংযোগের EVC যুক্ত মিটার বা শুধু EVC বিকলকালে ভান্ডারে প্রয়োজনীয় EVC যুক্ত মিটার বা EVC মজুদ না থাকলে সেক্ষেত্রে EVC বিহীন মিটার স্থাপন করে প্রচলিত নিয়মে গ্যাস বিপণন নিয়মাবলী অনুযায়ী গ্যাস বিল প্রণয়ন করতে হবে। এক্ষেত্রে EVC মিটার স্থাপনের ০৩ (তিন) মাস পর বিকল হলে তিন মাসের গড় বিল বিবেচনায় রেখে গ্যাস বিল প্রণয়ন করতে হবে; EVC মিটার স্থাপনের ০১ (এক) মাসের মধ্যে বিকল হলে এবং পিছনের ০৩ (তিন) মাসের বিলের কোন তথ্য না পাওয়া গেলে সিটিজেন চার্টার অনুযায়ী অর্থাৎ পরবর্তী নতুন EVC মিটার স্থাপনপূর্বক ০৩ (তিন) মাসের গড় গ্যাস ব্যবহারেরভিত্তিতে গ্যাস বিল প্রণীত হবে।

৩.৪ EVC যুক্ত মিটারের মাধ্যমে পরিচালিত সিএনজি রিফুয়েলিং স্টেশনের ক্ষেত্রে বিপণন কোম্পানী কর্তৃক গ্যাস সরবরাহ এবং গ্যাস বিক্রয়ের পরিমাণে গড়-মিল পরিলক্ষিত হলে সংশ্লিষ্ট বিপণন কোম্পানী কর্তৃক এতদ্সংক্রান্ত মোবাইল কোর্ট পরিচালনাকারী নির্বাহী ম্যাজিস্ট্রেট-এর আইনানুগ সহায়তায় বিএসটিআই, পেট্রোবাংলা, আরপিজিসিএল এবং সিএনজি মালিক সমিতির প্রতিনিধির সমন্বয়ে গঠিত টিমের মাধ্যমে পরিদর্শনপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা হবে।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd

(খ) **আবেদনপত্র জমাদান পদ্ধতি**

সংগৃহীত আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নিম্নেবর্ণিত কাগজপত্রাদিসহ সংশ্লিষ্ট জোন/আঞ্চলিক কার্যালয়ে জমা দিতে হবে

১. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি।

২. জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।

৩. হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি।

৪. টিআইএন সনদপত্র।

৫. জমির মালিকানার দালিলিক প্রমাণ হিসেবে দলিল/নামজারীর কাগজ (যে কোন একটি) এবং দাখিলা/ভূমি উন্নয়ন কর পরিশোধের রশিদ (যে কোন একটি)।

৬. ভাড়াকৃত স্থানে স্থাপিত হলে ভাড়ার চুক্তিপত্র।

৭. ভাড়াটিয়া গ্রাহক গ্যাস বিল পরিশোধে ব্যর্থ হলে এবং অবৈধ কার্যক্রমে লিপ্ত থাকলে বাড়ীর মালিক এতদসংক্রান্ত দায়ভার বহন করবে মর্মে নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত একটি অঙ্গীকারনামা প্রদান করতে হবে।

৮. প্রস্তাবিত অভ্যন্তরীণ পাইপ লাইনের ৪(চার) কপি নক্সা।

৯. গ্যাস সরঞ্জামাদির কারিগরী ক্যাটালগ (প্রযোজ্য ক্ষেত্রে)। বয়লার ও জেনারেটরের ন্যূনতম দক্ষতা যথাক্রমে ৮২% ও ৩৫% হতে হবে।

১০. প্রস্তাবিত স্থানে চালু/বিচ্ছিন্নকৃত গ্যাস সংযোগের বিপরীতে গ্যাস বিপণন কোম্পানীর সমুদয় পাওনা পরিশোধ সংক্রান্ত রাজস্ব ছাড়পত্র।

১১. প্রযোজ্য ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র।

১২. আবেদন ফি জমা বাবদ ৩০০/- টাকা জমাদানের রশিদ।

১৩. ঠিকাদার নিয়োগ পত্র।

(গ) **ঠিকাদার নিয়োগে করণীয়**

গ্যাস সংযোগ গ্রহণে আগ্রহী ব্যাক্তি/প্রতিষ্ঠান কর্তৃক ঠিকাদার নিয়োগের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়সমূহ অনুসরণ করতে হবে ঃ

১. ঠিকাদারের তালিকা সংশ্লিষ্ট জোন/আঞ্চলিক কার্যালয়ে ও ওয়েবসাইটে প্রদর্শিত থাকবে।

২. কোম্পানীর ওয়েবসাইট হতে কিংবা সংশ্লিষ্ট কার্যালয় হতে কোম্পানীর অনুমোদিত ১.১ ক্যাটাগরীর ঠিকাদারের তালিকা এবং হালনাগাদ পরিচয় পত্র দেখে ঠিকাদার নিয়োগ করতে হবে।